**<u>কেবলমাত্র সরকারি কাজে ব্যবহার্য</u>**

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**জাতীয় রাজস্ব বোর্ড**
**রাজস্ব ভবন**
**প্লট- এফ ১/এ, আগারগাঁও,**
**শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।**

# ২০২৩-২০২৪ অর্থবছরের বাজেটে মূল্য সংযোজন কর কর্মকর্তাগণের জন্য নির্দেশনা

**মূল্য সংযোজন কর অনুবিভাগ**

তারিখ: ১৮ জ্যৈষ্ঠ, ১৪৩০ বঙ্গাব্দ/ ০১ জুন, ২০২৩ খ্রিষ্টাব্দ

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**জাতীয় রাজস্ব বোর্ড**
**রাজস্ব ভবন**
**প্লট- এফ ১/এ, আগারগাঁও,**
**শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।**

**[ ভ্যাট বিভাগ ]**

নথি নং-০৮.০১.০০০০.০৬৮.১৬.০০১.২২/১৩৪, তারিখ: ১৮ জ্যৈষ্ঠ, ১৪৩০ বঙ্গাব্দ/ ০১ জুন, ২০২৩ খ্রিষ্টাব্দ।

**বিষয়ঃ** **২০২৩-২০২৪ অর্থবছরের বাজেটে আনীত পরিবর্তনের ফলে মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিষয়ে করণীয় সংক্রান্ত নির্দেশনা।**

বাংলাদেশে রাজস্ব আদায়ের গুরুত্বপূর্ণ খাতসমূহের মধ্যে মূল্য সংযোজন কর (মূসক) বা ভ্যাট খাত অন্যতম। ভ্যাট এর আওতা বৃদ্ধি, কাঙ্খিত রাজস্ব প্রবৃদ্ধি অর্জন, দেশীয় শিল্প বিকাশে সহায়তা প্রদান, নতুন কর্মসংস্থান সৃষ্টি, বিদেশী বিনিয়োগ আকর্ষণ, কর-জিডিপির হার বৃদ্ধি, LDC গ্রাজুয়েশন পরবর্তীতে আমদানি বিকল্প পণ্য উৎপাদন ও স্থানীয় শিল্পের সক্ষমতা বৃদ্ধিসহ ভ্যাট আইন ও বিধি সহজীকরণ- এই বিষয়গুলো এ বছর বাজেট প্রণয়নের মূল কৌশল হিসেবে গ্রহণ করা হয়েছে। সে লক্ষ্যে এ বছর বাজেটে মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এ বেশ কিছু প্রয়োজনীয় সংশোধনী আনা হয়েছে। এছাড়াও মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক সংক্রান্ত কতিপয় প্রজ্ঞাপন বাতিল/সংশোধন ক্ষেত্র বিশেষে নতুন প্রজ্ঞাপন জারি করা হয়েছে। ২০২৩-২৪ অর্থবছরের বাজেটে গৃহীত কার্যক্রমসমূহের উল্লেখযোগ্য অংশ নিম্নরূপ:

**০২। মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ ও উহার তফসিলসমূহে নিম্নোল্লিখিত সংশোধনীসমূহ আনা হয়েছে:**

**(ক) মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর সংশোধনীসমূহঃ**

| ক্রমিক নং | ধারা | বিষয়বস্তু | নির্দেশনা/করণীয় |
|---|---|---|---|
| ১. | ধারা ২ এর দফা (১৮ক) এর উপ-দফা (ঘ) প্রতিস্থাপন | দফা (১৮ক) এর উপ-দফা (ঘ) এর পরিবর্তে নিম্নরূপ উপ-দফা (ঘ) প্রতিস্থাপন করা হয়েছে, যথা:-<br>**“(ঘ) যানবাহন ক্রয়, ভাড়া ও লিজ গ্রহণ;”** | যানবাহন উৎপাদনের সাথে সংশ্লিষ্ট কোন কাঁচামাল বা যন্ত্রপাতি বা যন্ত্রাংশ নয়। এছাড়াও, যানবাহন ভাড়া ও লিজ গ্রহণ ‘উপকরণ’ এর সংজ্ঞা বহির্ভূত রাখা হয়েছে। তাই যানবাহনকে ‘উপকরণ’ এর সংজ্ঞার বহির্ভূত রাখার লক্ষ্যে এ সংশোধনী আনয়ন করা হয়েছে। |

| ক্রমিক নং | ধারা | বিষয়বস্তু | নির্দেশনা/করণীয় |
|---|---|---|---|
| | ধারা ২ এর দফা (২০) সংশোধন | দফা (২০) এ উল্লিখিত **"মূল্য সংযোজন কর"** শব্দগুলির পরিবর্তে **"মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক"** শব্দগুলি প্রতিস্থাপন করা হয়েছে। | উৎপাদ কর এর সংজ্ঞায় শুধুমাত্র মূল্য সংযোজন কর অন্তর্ভুক্ত করা হয়েছে। এতে সম্পূরক শুল্ক অন্তর্ভূক্ত করা হয়নি। বিষয়টি স্পষ্টীকরণের লক্ষ্যে উৎপাদ কর এর সংজ্ঞায় সম্পূরক শুল্ক অন্তর্ভুক্ত করার লক্ষ্যে এ সংশোধনী আনয়ন করা হয়েছে। |
| | ধারা ২ এর দফা (২৯) প্রতিস্থাপন | দফা (২৯) এর পরিবর্তে নিম্নরূপ দফা (২৯) প্রতিস্থাপন করা হয়েছে, যথা:-<br>**"(২৯) "কর ভগ্নাংশ"** অর্থ নিম্নবর্ণিত ভগ্নাংশ,<br>যথাঃ R/১০০+ R<br>যেইক্ষেত্রে, R অর্থ ধারা ১৫ (৩) এ উল্লিখিত মূসক হার;" | কর ভগ্নাংশ এর সংজ্ঞাটিতে ভাষাগত ত্রুটি রয়েছে, যার কারণে আইনি জটিলতা সৃষ্টি হওয়ার সম্ভাবনা রয়েছে। তাই, আইনি জটিলতা পরিহারের লক্ষ্যে এ সংশোধনী আনয়ন করা হয়েছে। |
| | ধারা ২ এর দফা (৬৩) এ নতুন উপ-দফা সংযোজন | দফা (৬৩) এর উপ-দফা (জ) এর শেষাংশে উল্লিখিত **"বা"** শব্দটি বিলুপ্ত করা হয়েছে এবং অতঃপর নিম্নরূপ নূতন উপ-দফা (জজ) সন্নিবেশ করা হয়েছে, যথা:-<br>**"(জজ) কোন ব্যক্তি কর্তৃক নিযুক্ত মূসক পরামর্শক; বা"** | মূসক পরামর্শকগণকে কোন ব্যক্তির প্রতিনিধি হিসেবে বিবেচনা করাই যুক্তিযুক্ত। তাই, প্রতিনিধির সংজ্ঞায় "মূসক পরামর্শক" অন্তর্ভুক্ত করা সমীচীন। সে লক্ষ্যে এ বিধান সংযোজন করা হয়েছে। |
| | ধারা ২ এর দফা (৮২) প্রতিস্থাপন | দফা (৮২) পরিবর্তে নিম্নরূপ দফা (৮২) প্রতিস্থাপন করা হয়েছে, যথা:-<br>"(৮২) **"রপ্তানি"** অর্থ বাংলাদেশের অভ্যন্তর হইতে বাংলাদেশের ভৌগোলিক সীমার বাহিরে বৈদেশিক মুদ্রার বিনিময়ে কোন সরবরাহ এবং প্রচ্ছন্ন রপ্তানিও উহার অন্তর্ভুক্ত হইবে;" | 'রপ্তানি' এর সংজ্ঞায় বৈদেশিক মুদ্রার বিনিময়ে সরবরাহ হওয়ার বিষয়টি উল্লেখ নেই। অপরদিকে 'প্রচ্ছন্ন রপ্তানি' এর সংজ্ঞায় বৈদেশিক মুদ্রার বিনিময়ের বিষয়টি উল্লেখ রয়েছে। তাই, 'রপ্তানি' এর মূল সংজ্ঞায় বৈদেশিক মুদ্রার বিনিময়ে সরবরাহের বিষয়টি অন্তর্ভূক্তির লক্ষ্যে এ সংশোধনী আনয়ন করা হয়েছে। |

| ক্রমিক নং | ধারা | বিষয়বস্তু | নির্দেশনা/করণীয় |
|---|---|---|---|
| ২. | ধারা ২৪ এর উপ-ধারা (১০) সংশোধন | ধারা ২৪ এর উপ-ধারা (১০) এর দফা (ক) এর শেষাংশে উল্লিখিত **"বা"** শব্দের পরিবর্তে **"এবং"** শব্দ প্রতিস্থাপন করা হয়েছে। | আইনের ধারা ২৪ এর উপ-ধারা (১০) এ মেরামত বা প্রতিস্থাপনের ওয়ারেন্টিযুক্ত পণ্যের অনুকূলে প্রদত্ত সেবা সরবরাহ কতিপয় শর্ত সাপেক্ষে শূণ্যহার বিশিষ্ট মর্মে উল্লেখ রয়েছে। বিষয়টি আরো সুস্পষ্টকরণের লক্ষ্যে এ সংশোধনী আনয়ন করা হয়েছে। |
| ৩. | ধারা ৪৬ এর উপ-ধারা (১) এর দফা (খ) প্রতিস্থাপন | ধারা ৪৬ এর উপ-ধারা (১) এর দফা (খ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (খ) প্রতিস্থাপন করা হয়েছে, যথা:-<br>**"(খ) যদি আমদানিকৃত সেবার সরবরাহ গ্রহণের ক্ষেত্রে সেবা গ্রহীতা কর্তৃক দাখিলপত্রে উক্ত সেবার বিপরীতে প্রদেয় উৎপাদ কর ধারা ২০ অনুসারে পৃথকভাবে প্রদর্শন না করা হয়;"** | আমদানিকৃত সেবার উপর পরিশোধিত মূসক রেয়াত গ্রহণের বিষয়টি স্পষ্ট করার লক্ষ্যে এ প্রতিস্থাপন করা হয়েছে। আমদানিকৃত সেবার উপর আরোপিত মূসক ট্রেজারি চালানের মাধ্যমে সরকারি কোষাগারে জমা প্রদানপূর্বক বা উৎসে কর্তনকারী কর্তৃক উৎসে কর্তিত হলে, উক্ত পরিশোধিত বা কর্তিত মূসক দাখিলপত্রে পৃথকভাবে উপকরণ কর অংশে প্রদর্শন করতে হবে এবং উক্ত সমপরিমাণ মূসক রেয়াত গ্রহণ করা যাবে। তবে, এক্ষেত্রে উক্ত মূসক পৃথকভাবে দাখিলপত্রের উৎপাদ কর অংশে প্রদর্শন করতে হবে। |
| | ধারা ৪৬ এর উপ-ধারা (৩) এর দফা (চ) প্রতিস্থাপন | ধারা ৪৬ এর উপ-ধারা (৩) এর দফা (চ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (চ) প্রতিস্থাপন করা হয়েছে, যথা:-<br>**"(চ) গ্রাহক কর্তৃক পরিশোধিত বিদ্যুৎ বিলের বিপরীতে ব্যাংক, মোবাইল ব্যাংকিং সেবা প্রদানকারী প্রতিষ্ঠান এবং ডিজিটাল পেমেন্ট গেটওয়ে প্রতিষ্ঠান কর্তৃক ইস্যুকৃত ইনভয়েস, যাহা নির্ধারিত শর্ত ও পদ্ধতিতে, চালানপত্র হিসাবে গণ্য হইবে।"** | বিদ্যুৎ বিলের বিপরীতে সাধারণ আদেশ নং- ১১/মূসক/২০২২, তারিখ: ২০ সেপ্টেম্বর, ২০২২ খ্রিষ্টাব্দ অনুযায়ী মোবাইল ব্যাংকিং প্রতিষ্ঠান কর্তৃক চালানপত্র ইস্যু করা হলে তা কর চালানপত্র হিসেবে বিবেচনা করার বিধান রয়েছে। আনীত সংশোধনীর ফলে ব্যাংকিং ও ডিজিটাল |

| ক্রমিক নং | ধারা | বিষয়বস্তু | নির্দেশনা/করণীয় |
|---|---|---|---|
| | | | পেমেন্ট গেটওয়ে প্রতিষ্ঠানের জন্য এই বিধান প্রযোজ্য হবে। |
| ৪. | ধারা ৪৭ এর উপ-ধারা (৩) সংশোধন | ধারা ৪৭ এর উপ-ধারা (৩) এ উল্লিখিত "**T হইল কোন কর মেয়াদে নিবন্ধিত ব্যক্তি কর্তৃক প্রদত্ত সকল করযোগ্য সরবরাহের মূল্য;**" অক্ষর, শব্দগুলি ও চিহ্নের পরিবর্তে "**T হইল কোন কর মেয়াদে নিবন্ধিত ব্যক্তি কর্তৃক ধারা ৪৬ এর অধীনে উপকরণ কর রেয়াত প্রাপ্ত হয় এইরূপ সকল সরবরাহের মূল্য;**" অক্ষর, শব্দগুলি, সংখ্যা ও চিহ্ন প্রতিস্থাপন করা হয়েছে। | আংশিক উপকরণ কর রেয়াত সম্পর্কিত বিধানটি স্পষ্টীকরণের লক্ষ্যে এ সংশোধনী আনয়ন করা হয়েছে। |
| ৫. | ধারা ৬৯ এর উপ-ধারা (১) এর দফা (গ) প্রতিস্থাপন | ধারা ৬৯ এর উপ-ধারা (১) এর দফা (গ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (গ) প্রতিস্থাপন করা হয়েছে, যথা:-<br>**"(গ) উক্ত ব্যক্তির অর্থনৈতিক কার্যক্রমের প্রকৃতির ফলে (যে অর্থনৈতিক কার্যক্রমের ক্ষেত্রে ধারা ৬৮ এর উপ-ধারা (২) প্রযোজ্য নহে) নিয়মিতভাবে অতিরিক্ত উপকরণ কর রেয়াতের উদ্ভব হয়;"** | কোন পণ্য, যেমন: রপ্তানিকৃত ঔষধের উপকরণের উপর পরিশোধিত সম্পূরক শুল্ক দাখিলপত্রে উৎপাদ কর (সম্পূরক শুল্ক) এর বিপরীতে সমন্বয়ের সুযোগ থাকলেও, উক্ত পণ্যের উপর সরবরাহ পর্যায়ে সম্পূরক শুল্ক আরোপিত না থাকায় তা সমন্বয় করা সম্ভব হচ্ছে না। ফলে, ধারা ৬৮ অনুযায়ী ৬ মাস পর্যন্ত দাখিলপত্রে জের টেনে রিফান্ড গ্রহণ সময় সাপেক্ষ। ফলে রপ্তানি ব্যবসায় ব্যয় বৃদ্ধি পাচ্ছে। তাই যেহেতু, উক্ত সম্পূরক শুল্ক ফেরত প্রদান করতে হবে সেহেতু, ব্যবসা-বাণিজ্য সহজীকরণের লক্ষ্যে জের টানা ব্যতিরেকে ফেরত প্রদানের বিধান সংযোজন করা হয়েছে। |
| | ধারা ৬৯ এর উপ-ধারা (১) এর দফা (ঘ) সংযোজন | ধারা ৬৯ এর উপ-ধারা (১) এর দফা (গ) এর পর নিম্নরূপ নূতন দফা (ঘ) সংযোজন করা হয়েছে, যথা:-<br>**"(ঘ) উক্ত ব্যক্তি কর্তৃক পণ্য রপ্তানির বিপরীতে আমদানি পর্যায়ে উপকরণের উপর প্রদত্ত সম্পূরক শুল্ক হ্রাসকারী সমন্বয়যোগ্য হয় এবং উক্ত ব্যক্তি কর্তৃক স্থানীয় সরবরাহ পর্যায়ে সম্পূরক শুল্ক আরোপযোগ্য পণ্য সরবরাহ না করা হয়।"** | |
| ৬. | ধারা ৭৩ এর উপ-ধারা (২ক) সন্নিবেশ | ধারা ৭৩ এর উপ-ধারা (২) এর পর নিম্নরূপ নূতন উপ-ধারা (২ক) সন্নিবেশ করা হয়েছে, যথা:-<br>**"(২ক) উপ-ধারা (১) ও উপ-ধারা (২) এ যাহা কিছুই থাকুক না কেন, যে কারণে উক্ত কর নির্ধারণ পরিস্থিতির উদ্ভব হইয়াছে উহাতে ব্যর্থতা বা অনিয়ম বা কর ফাঁকির উপাদান থাকিলে ধারা ৮৫ অনুযায়ী জরিমানা আরোপের বিষয়টি কর-** | আইনের ধারা ৭৩ অনুযায়ী কর নির্ধারণের ক্ষেত্রে প্রাথমিক কারণ দর্শানো নোটিশ জারি পরবর্তী শুনানীর সুযোগ প্রদানের মাধ্যমে চূড়ান্ত কর নির্ধারণ সম্পন্ন করা হয়। পরবর্তীতে ধারা ৮৫ অনুযায়ী জরিমানা আরোপের উদ্দেশ্যে |

<table>
<tr><th>ক্রমিক নং</th><th>ধারা</th><th>বিষয়বস্তু</th><th>নির্দেশনা/করণীয়</th></tr>
<tr><td></td><td></td><td>নির্ধারণ সংক্রান্ত প্রাথমিক কারণ দর্শানো নোটিশে অন্তর্ভুক্ত করা যাইবে এবং উক্ত নোটিশ চূড়ান্তকরণের মাধ্যমে কর নির্ধারণ চূড়ান্ত করিবার পাশাপাশি জরিমানা আরোপের বিষয়টিও চূড়ান্ত করা যাইবে।”।</td><td>পুনরায় কারণ দর্শানো নোটিশ জারি ও শুনানী গ্রহণ করে জরিমানা আরোপ করা হয়ে থাকে। যেহেতু, কর নির্ধারণী প্রক্রিয়ায়, প্রযোজ্য ক্ষেত্রে, কর ফাঁকির বিষয়টি উদঘাটিত হয়ে থাকে সেক্ষেত্রে পুনরায় কারণ দর্শানো নোটিশ জারি ও শুনানী গ্রহণ জটিলতা সৃষ্টির পাশাপাশি সময় ক্ষেপণের ফলে উক্ত বিধানসমূহ বাস্তবায়নে মাঠ পর্যায়ে প্রায়শই জটিলতার উদ্ভব হয়। এই জটিলতা নিরসনের লক্ষ্যে উক্ত বিধান সন্নিবেশ করা হয়েছে।</td></tr>
<tr><td>৭.</td><td>ধারা ৮৫ এর উপ-ধারা (৪) প্রতিস্থাপন</td><td>ধারা ৮৫ এর উপ-ধারা (৪) এর পরিবর্তে নিম্নরূপ উপ-ধারা (৪) প্রতিস্থাপন করা হয়েছে, যথা:-<br>“(৪) ধারা ৮৬ এ উল্লিখিত মূসক কর্মকর্তা জরিমানা আরোপের পূর্বে সংশ্লিষ্ট ব্যক্তিকে, উপ-ধারা (১) এর সারণীর (১) নং কলামের ক্রমিক নং (চ) এর ক্ষেত্র ব্যতীত, ধারা ৭৩ অনুযায়ী প্রদানকৃত কারণ দর্শানো নোটিশের মাধ্যমে বা পৃথক নোটিশের মাধ্যমে শুনানীর সুযোগ প্রদান করিবেন।”</td><td>কর নির্ধারণী নোটিশের মাধ্যমে জরিমানা আরোপসহ অন্যান্য ক্ষেত্রে জরিমানা আরোপের বিষয়টি ধারা ৭৩ এ আনীত সংশোধনীর সাথে সামঞ্জস্যপূর্ণ রাখার লক্ষ্যে এ সংশোধনী আনয়ন করা হয়েছে।</td></tr>
<tr><td>৮.</td><td>ধারা ৮৬ এর উপ-ধারা (১) এর দফা (খ) এর সারণীর প্রতিস্থাপন</td><td>ধারা ৮৬ এর উপ-ধারা (১) এর দফা (খ) এর সারণীর পরিবর্তে নিম্নরূপ সারণী প্রতিস্থাপন করা হয়েছে, যথা:-<br>সারণী
<table>
<tr><th>ক্রমিক নং</th><th>কর্মকর্তা</th><th>ক্ষমতা</th></tr>
<tr><td>(১)</td><td>(২)</td><td>(৩)</td></tr>
<tr><td>(ক)</td><td>কমিশনার</td><td>পণ্য মূল্য বা করযোগ্য সেবা মূল্য ১ (এক) কোটি টাকার অধিক হইলে;</td></tr>
<tr><td>(খ)</td><td>অতিরিক্ত কমিশনার</td><td>পণ্য মূল্য বা করযোগ্য সেবা মূল্য অনধিক ১ (এক) কোটি টাকা হইলে;</td></tr>
<tr><td>(গ)</td><td>যুগ্ম কমিশনার</td><td>পণ্য মূল্য বা করযোগ্য সেবা মূল্য অনধিক ৫০ (পঞ্চাশ) লক্ষ টাকা হইলে;</td></tr>
</table></td><td>মূল্য সংযোজন কর আইনে ন্যায় নির্ণয়নের ক্ষেত্রে আর্থিক ক্ষমতার সীমা যৌক্তিকীকরণ ও ব্যবসা-বাণিজ্য সহজীকরণের লক্ষ্যে এ সংশোধনী আনয়ন করা হয়েছে।</td></tr>
</table>

| ক্রমিক নং | ধারা | বিষয়বস্তু | নির্দেশনা/করণীয় |
|---|---|---|---|
| | | (ঘ) উপ-কমিশনার — পণ্য মূল্য বা করযোগ্য সেবা মূল্য অনধিক ৩০ (ত্রিশ) লক্ষ টাকা হইলে;<br>(ঙ) সহকারী কমিশনার — পণ্য মূল্য বা করযোগ্য সেবা মূল্য অনধিক ২০ (বিশ) লক্ষ টাকা হইলে;<br>(চ) রাজস্ব কর্মকর্তা — পণ্য মূল্য বা করযোগ্য সেবা মূল্য অনধিক ৫ (পাঁচ) লক্ষ টাকা হইলে: | |

## (খ) প্রথম তফসিলের পরিবর্তনঃ

| ক্রমিক নং | তফসিল | বিষয়বস্তু | নির্দেশনা/করণীয় |
|---|---|---|---|
| ১. | প্রথম তফসিল (দ্বিতীয় খন্ড) | প্রথম তফসিল এর দ্বিতীয় খন্ডের অনুচ্ছেদ ৭ এর দফা (ঘ) বিলুপ্ত করা হয়েছে। | বর্তমানে বন্দরে ষ্টিভেডরিং নামীয় কোন কার্যক্রমের অস্তিত্ব নেই। তাই প্রথম তফসিল এর দ্বিতীয় খন্ড হতে "ষ্টিভেডরিং কার্যক্রম" বিলুপ্ত করা হয়েছে। |

## (গ) দ্বিতীয় তফসিলের পরিবর্তনসমূহঃ

| ক্রমিক নং | ধারা | বিষয়বস্তু | নির্দেশনা/করণীয় |
|---|---|---|---|
| ১. | দ্বিতীয় তফসিলের টেবিল-১ প্রতিস্থাপন | দ্বিতীয় তফসিলের টেবিল-১ (আমদানি পর্যায়ে সম্পূরক শুল্ক আরোপযোগ্য পণ্যসমূহ) প্রতিস্থাপন করা হয়েছে। | আমদানি পর্যায়ে বিভিন্ন এইচ.এস. কোডের বিপরীতে সম্পূরক শুল্কের হার পরিবর্তন করা হয়েছে। |
| ২. | দ্বিতীয় তফসিল এর টেবিল-২ সংশোধন | দ্বিতীয় তফসিল এর টেবিল-২ এর শিরনামা সংখ্যা ৩২.০৮ হইতে ৩২.১০ এবং উহার বিপরীতে কলাম (৩) উল্লিখিত **"পেইন্টস"** শব্দের পরিবর্তে **"পেইন্টস (প্রাইমারসহ)"** শব্দগুলি ও চিহ্নগুলি প্রতিস্থাপন করা হয়েছে। | প্রাইমার এক ধরনের পেইন্টস। উহার উপরও সম্পূরক শুল্ক আরোপিত আছে। তবে, বিষয়টি অধিকতর স্পষ্টীকরণের লক্ষ্যে এ সংশোধনী আনয়ন করা হয়েছে। |

**(ঘ) তৃতীয় তফসিলের পরিবর্তনসমূহঃ**

<table>
<tr><th>ক্রমিক নং</th><th>ধারা</th><th>বিষয়বস্তু</th><th>নির্দেশনা/করণীয়</th></tr>
<tr><td>১.</td><td>তৃতীয় তফসিল এর টেবিল-১ (খন্ড-ক) সংশোধন</td><td>তৃতীয় তফসিল এর- টেবিল-১ (‘খন্ড-ক’-মূসক আরোপযোগ্য পণ্য) এর কলাম (১) এর-<br>(অ) শিরনামা সংখ্যা ১৯.০৫ এবং উহার বিপরীতে কলাম (২), (৩) ও (৪) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ শিরনামা সংখ্যা এবং এন্ট্রিসমূহ প্রতিস্থাপন করা হয়েছে, যথা:-<br><table><tr><td>১৯.০৫</td><td>সংশ্লিষ্ট এইচএস কোড</td><td>মেশিনে প্রস্তুত বিস্কুট</td><td>৫%</td></tr><tr><td>১৯.০৫</td><td>সংশ্লিষ্ট এইচএস কোড</td><td>হাতে তৈরি বিস্কুট (প্রতি কেজি ২০০ টাকা মূল্যমানের উর্ধ্বে)</td><td>৫%</td></tr><tr><td>১৯.০৫</td><td>সংশ্লিষ্ট এইচএস কোড</td><td>কেক (প্রতি কেজি ৩০০ টাকা মূল্যমানের উর্ধ্বে)</td><td>৫%</td></tr></table></td><td>নিত্য পণ্য বিবেচনায় “হাতে তৈরি বিস্কুট” এর অব্যাহতি সীমা প্রতি কেজি ১৫০ টাকার পরিবর্তে ২০০ টাকা এবং “কেক (পার্টিকেক ব্যতীত)” এর অব্যাহতি সীমা প্রতি কেজি ২৫০ টাকার পরিবর্তে ৩০০ টাকা নির্ধারণ করা হয়েছে।</td></tr>
<tr><td></td><td>তৃতীয় তফসিল এর টেবিল-১ (খন্ড-ক) সংশোধন</td><td>(আ) শিরনামা সংখ্যা ৩৯.২৪ এবং উহার বিপরীতে কলাম (২), (৩) ও (৪) এ উল্লিখিত এন্ট্রিসমূহ বিলুপ্ত করা হয়েছে।</td><td>“প্লাস্টিকের তৈরি সকল ধরনের টেবিলওয়্যার, কিচেনওয়্যার, গৃহস্থালী সামগ্রী, হাইজেনিক ও টয়লেট সামগ্রীসহ অনুরূপ যে কোন পণ্য (টিফিন বক্স ও পানির বোতল ব্যতীত)” এর মূসকের হার ৫ শতাংশ হতে বৃদ্ধি করে ৭.৫ শতাংশ নির্ধারণ করা হয়েছে।</td></tr>
<tr><td></td><td>তৃতীয় তফসিল এর টেবিল-১ (খন্ড-ক) সংশোধন</td><td>(ই) শিরনামা সংখ্যা ৪৮.১৮ এবং উহার বিপরীতে কলাম (২), (৩) ও (৪) এ উল্লিখিত এন্ট্রিসমূহ বিলুপ্ত করা হয়েছে।</td><td>“কিচেন টাওয়াল (২৪-২৬ জিএসএম), টয়লেট টিস্যু (১৮-২৪ জিএসএম), ন্যাপকিন টিস্যু (২০-২৪ জিএসএম), ফেসিয়াল টিস্যু/পকেট টিস্যু (১২-১৬ জিএসএম), হ্যান্ড</td></tr>
</table>

<table>
<tr><th>ক্রমিক নং</th><th>ধারা</th><th>বিষয়বস্তু</th><th>নির্দেশনা/করণীয়</th></tr>
<tr><td></td><td></td><td></td><td>টাওয়াল/পেপার টাওয়াল/ক্লিনিকাল বেড শিট” এর মূসকের হার ৫ শতাংশ হতে বৃদ্ধি করে ৭.৫ শতাংশ নির্ধারণ করা হয়েছে।</td></tr>
<tr><td></td><td>তৃতীয় তফসিল এর টেবিল-১ (খন্ড-ক) সংশোধন</td><td>(ঈ) শিরনামা সংখ্যা “৫৪.০২ থেকে ৫৪.১০ এবং ৫৫.১২ থেকে ৫৫.১৬” এবং উহাদের বিপরীতে কলাম (২), (৩) ও (৪) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ শিরনামা সংখ্যা ও এন্ট্রিসমূহ প্রতিস্থাপন করা হয়েছে, যথা:-
<table>
<tr><td>৫৪.০২ থেকে ৫৪.১০ এবং ৫৫.১২ থেকে ৫৫.১৬</td><td>সকল এইচ.এস. কোড</td><td>কৃত্রিম আঁশ দ্বারা তৈরি ফেব্রিক্স</td><td>৫%</td></tr>
</table></td><td>যেহেতু কৃত্রিম আঁশ দ্বারা তৈরীকৃত কতিপয় পণ্যের ক্ষেত্রে মূসক অব্যাহতির প্রস্তাব করা হয়েছে এবং কতিপয় পণ্য প্রজ্ঞাপন অনুযায়ী অব্যাহতি সুবিধা ভোগ করছে, সেই বিবেচনায়-তৃতীয় তফসিলের টেবিল-১ এ সংশোধনী আনয়ন করা হয়েছে।</td></tr>
<tr><td></td><td>তৃতীয় তফসিল এর টেবিল-১ (খন্ড-ক) সংশোধন</td><td>(উ) শিরনামা সংখ্যা ৭৬.১৫ এবং উহার বিপরীতে কলাম (২), (৩) ও (৪) এ উল্লিখিত এন্ট্রিসমূহ বিলুপ্ত করা হয়েছে।</td><td>“অ্যালুমিনিয়াম ও অ্যালুমিনিয়ামের তৈরি কিচেন বা অন্যান্য গৃহস্থালী তৈজষপত্র, সেনিটারি ওয়্যার এবং যন্ত্রাংশ” এর মূসকের হার ৫ শতাংশ হতে বৃদ্ধি করে ৭.৫ শতাংশ নির্ধারণ করা হয়েছে।</td></tr>
<tr><td></td><td>তৃতীয় তফসিল এর টেবিল-১ (খন্ড-ক) সংশোধন</td><td>(উ) শিরনামা সংখ্যা ৯০.০৪ এবং উহার বিপরীতে কলাম (২), (৩) ও (৪) এ উল্লিখিত এন্ট্রিসমূহ বিলুপ্ত করা হয়েছে।</td><td>“সানগ্লাস (প্লাস্টিক ও মেটাল ফ্রেমযুক্ত)” এর মূসকের হার ৫ শতাংশ হতে বৃদ্ধি করে ৭.৫ শতাংশ নির্ধারণ করা হয়েছে।</td></tr>
</table>

<table>
<tr><th>ক্রমিক নং</th><th>ধারা</th><th>বিষয়বস্তু</th><th>নির্দেশনা/করণীয়</th></tr>
<tr><td rowspan="3">২.</td><td>তৃতীয় তফসিল এর টেবিল-২ (খন্ড-ক) সংশোধন</td><td>টেবিল-২ (‘খন্ড-ক’-মূসক আরোপযোগ্য পণ্য) এর কলাম (১) এর-<br>(অ) শিরনামা সংখ্যা ৪৮.০৯ এবং উহাদের বিপরীতে কলাম (২), (৩) ও (৪) এ উল্লিখিত এন্ট্রিসমূহের প্রারম্ভে নিম্নরূপ শিরনামা সংখ্যা এবং এন্ট্রিসমূহ সন্নিবেশ করা হয়েছে, যথা:-<table><tr><td>৩৯.২৪</td><td>সংশ্লিষ্ট এইচ.এস. কোড</td><td>প্লাস্টিকের তৈরি সকল ধরনের টেবিলওয়্যার, কিচেনওয়্যার, গৃহস্থালী সামগ্রী, হাইজেনিক ও টয়লেট সামগ্রীসহ অনুরূপ যে কোন পণ্য (টিফিন বক্স ও পানির বোতল ব্যতীত)</td><td>৭.৫%</td></tr></table></td><td>“প্লাস্টিকের তৈরি সকল ধরনের টেবিলওয়্যার, কিচেনওয়্যার, গৃহস্থালী সামগ্রী, হাইজেনিক ও টয়লেট সামগ্রীসহ অনুরূপ যে কোন পণ্য (টিফিন বক্স ও পানির বোতল ব্যতীত)” এর মূসকের হার ৫ শতাংশ হতে বৃদ্ধি করে ৭.৫ শতাংশ নির্ধারণ করা হয়েছে।</td></tr>
<tr><td>তৃতীয় তফসিল এর টেবিল-২ (খন্ড-ক) সংশোধন</td><td>(আ) শিরনামা সংখ্যা ৪৮.১৩ এবং উহাদের বিপরীতে কলাম (২), (৩) ও (৪) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পর নিম্নরূপ শিরনামা সংখ্যা এবং এন্ট্রিসমূহ সন্নিবেশ করা হয়েছে, যথা:-<table><tr><td>৪৮.১৮</td><td>সংশ্লিষ্ট এইচ.এস. কোড</td><td>(১) কিচেন টাওয়াল (২৪-২৬ জিএসএম)<br>(২) টয়লেট টিস্যু (১৮-২৪ জিএসএম)<br>(৩) ন্যাপকিন টিস্যু (২০-২৪ জিএসএম)<br>(৪) ফেসিয়াল টিস্যু/পকেট টিস্যু (১২-১৬ জিএসএম)<br>(৫) হ্যান্ড টাওয়াল/পেপার টাওয়াল/ক্লিনিকাল বেড শিট</td><td>৭.৫%</td></tr></table></td><td>“কিচেন টাওয়াল (২৪-২৬ জিএসএম), টয়লেট টিস্যু (১৮-২৪ জিএসএম), ন্যাপকিন টিস্যু (২০-২৪ জিএসএম), ফেসিয়াল টিস্যু/পকেট টিস্যু (১২-১৬ জিএসএম), হ্যান্ড টাওয়াল/পেপার টাওয়াল/ক্লিনিকাল বেড শিট” এর মূসকের হার ৫ শতাংশ হতে বৃদ্ধি করে ৭.৫ শতাংশ নির্ধারণ করা হয়েছে।</td></tr>
<tr><td>তৃতীয় তফসিল এর টেবিল-২ (খন্ড-ক) সংশোধন</td><td>(ই) শিরনামা সংখ্যা ৪৮.২৩ এবং উহাদের বিপরীতে কলাম (২), (৩) ও (৪) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পর নিম্নরূপ শিরনামা সংখ্যা এবং এন্ট্রিসমূহ সংযোজন করা হয়েছে, যথা:-<table><tr><td>৭৬.১৫</td><td>সংশ্লিষ্ট এইচ.এস. কোড</td><td>অ্যালুমিনিয়াম ও অ্যালুমিনিয়ামের তৈরি কিচেন বা অন্যান্য গৃহস্থালী তৈজষপত্র, সেনিটারিওয়্যার এবং যন্ত্রাংশ</td><td>৭.৫%</td></tr><tr><td rowspan="2">৯০.০৪</td><td rowspan="2">সংশ্লিষ্ট এইচ.এস. কোড</td><td>সান গ্লাস (প্লাস্টিক ফ্রেমযুক্ত)</td><td rowspan="2">৭.৫%</td></tr><tr><td>সান গ্লাস (মেটাল ফ্রেমযুক্ত)</td></tr></table></td><td>“অ্যালুমিনিয়াম ও অ্যালুমিনিয়ামের তৈরি কিচেন বা অন্যান্য গৃহস্থালী তৈজষপত্র, সেনিটারি ওয়্যার এবং যন্ত্রাংশ” এর মূসকের হার ৫ শতাংশ হতে বৃদ্ধি করে ৭.৫ শতাংশ নির্ধারণ করা হয়েছে। এছাড়া, “সানগ্লাস (প্লাস্টিক ও মেটাল ফ্রেমযুক্ত)” এর মূসকের</td></tr>
</table>

| ক্রমিক নং | ধারা | বিষয়বস্তু | নির্দেশনা/করণীয় |
|---|---|---|---|
| | | | হার ৫ শতাংশ হতে বৃদ্ধি করে ৭.৫ শতাংশ নির্ধারণ করা হয়েছে। |
| ৩. | তৃতীয় তফসিল এর টেবিল-২ (খন্ড-খ) সংশোধন | টেবিল-২ ('খন্ড-খ'-মূসক আরোপযোগ্য সেবা) এর কলাম (১) এর শিরনামা সংখ্যা S০০৪ এবং উহার বিপরীতে কলাম (২), (৩) ও (৪) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পর নিম্নরূপ শিরনামা সংখ্যা এবং এন্ট্রিসমূহ সন্নিবেশ করা হয়েছে, যথা:-<br>S০২২ \| S০২২.০০ \| মিষ্টান্ন ভান্ডার \| ৭.৫% | রেস্তোঁরা সেবার ক্ষেত্রে প্রযোজ্য মূসকের হারের সাথে সামঞ্জস্য রেখে এবং রেয়াত গ্রহণ জটিলতা বিবেচনায় সেবার কোড S০২২.০০ এর বিপরীতে মিষ্টান্ন ভান্ডার সেবার ক্ষেত্রে মূসকের হার ১৫ (পনের) শতাংশ হতে হ্রাসপূর্বক ৭.৫ (সাত দশমিক পাঁচ) শতাংশ নির্ধারণ করা হয়েছে। |

০৪। **(ক) মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর সংশোধনীসমূহ:-**

| ক্র/ নং | বিধি | বিষয়বস্তু | নির্দেশনা/ করণীয় |
|---|---|---|---|
| ১. | বিধি ২ এর উপ-বিধি (১) সংশোধন | বিধি ২ এর উপ-বিধি (১) এর-<br>(ক) দফা (গ) এ উল্লিখিত **"কমিশনার"** শব্দটির পরিবর্তে **"বিভাগীয় কর্মকর্তা"** শব্দগুলি প্রতিস্থাপন করা হয়েছে;<br>(খ) দফা (ঢ) এ উল্লিখিত **"কমিশনারকে"** শব্দটির পরিবর্তে **"বিভাগীয় কর্মকর্তাকে"** এবং **"কমিশনার"** শব্দটির পরিবর্তে **"বিভাগীয় কর্মকর্তা"** শব্দগুলি প্রতিস্থাপন করা হয়েছে; এবং<br>(গ) দফা (থ) এ উল্লিখিত **"কমিশনার"** শব্দটির পরিবর্তে **"বিভাগীয় কর্মকর্তা"** শব্দগুলি প্রতিস্থাপন করা হয়েছে। | মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর বিধি ৪ ও ৫ অনুযায়ী কমিশনার এর পরিবর্তে বিভাগীয় কর্মকর্তাকে মূসক নিবন্ধন ও টার্নওভার তালিকাভুক্তির ক্ষমতা প্রদান করা হয়েছে। তাই, "টার্নওভার কর সনদপত্র", "ব্যাংক হিসাব" ও "মূসক নিবন্ধন সনদপত্র" এর সংজ্ঞা সামঞ্জস্যপূর্ণ করার লক্ষ্যে এ সংশোধনী আনয়ন করা হয়েছে। |
| ২. | বিধি ১৩ এর উপ-বিধি (২) এর দফা (ক) সংশোধন | বিধি ১৩ এর উপ-বিধি (২) এর দফা (ক) এর উপ-দফা (অ) এর পরিবর্তে নিম্নরূপ উপ-দফা (অ) প্রতিস্থাপন করা হয়েছে, যথা:-<br>**"(অ) সকল বকেয়া, যদি থাকে, আবেদনকারীকে উহার হালনাগাদ পরিস্থিতি অবহিত করিবেন, এবং"** | ব্যবসায়ের স্থান পরিবর্তন সংক্রান্ত বিধান আরো সুস্পষ্টকরণের লক্ষ্যে এ সংশোধনী আনয়ন করা হয়েছে। |

| ক্র/ নং | বিধি | বিষয়বস্তু | নির্দেশনা/ করণীয় |
|---|---|---|---|
| ৩. | বিধি ২৯ এর সংশোধন | বিধি ২৯ এর-<br>(ক) শিরোনামে উল্লিখিত **"ব্যাংকিং ব্যবস্থার"** শব্দগুলির পরিবর্তে **"ব্যাংকিং বা মোবাইল ব্যাংকিং ব্যবস্থার"** শব্দগুলি প্রতিস্থাপন করা হয়েছে;<br>(খ) উপ-বিধি (১) এ উল্লিখিত **"ব্যাংকিং মাধ্যম"** শব্দগুলির পরিবর্তে **"ব্যাংকিং বা মোবাইল ব্যাংকিং মাধ্যম"** শব্দগুলি প্রতিস্থাপন করা হয়েছে;<br>(গ) উপ-বিধি (২) এ উল্লিখিত **"ব্যাংকিং দলিল"** শব্দগুলির পরিবর্তে **"ব্যাংকিং বা মোবাইল ব্যাংকিং দলিল"** শব্দগুলি প্রতিস্থাপন করা হয়েছে; এবং<br>(ঘ) উপ-বিধি (৩) এ উল্লিখিত **"ব্যাংকিং দলিল"** শব্দগুলির পরিবর্তে **"ব্যাংকিং বা মোবাইল ব্যাংকিং দলিল"** শব্দগুলি প্রতিস্থাপন করা হয়েছে। | মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা-৪৬ এর উপ-ধারা (১) এর দফা (ক) এ বর্ণিত রেয়াত গ্রহণ সংক্রান্ত বিধানের সাথে সামঞ্জস্য আনয়নের লক্ষ্যে এ সংশোধনী আনয়ন করা হয়েছে। |
| ৪. | বিধি ৪৫ এর উপ-বিধি (২) এর সংশোধন | বিধি ৪৫ এর উপ-বিধি (২) এর দফা (খ) এর উপ-দফা (আ) এবং (ই) এর পরিবর্তে নিম্নরূপ উপ-দফা (আ) প্রতিস্থাপন করা হয়েছে, যথা:-<br>**"(আ) এক্সপোর্ট জেনারেল মেনিফেস্ট (প্রযোজ্য ক্ষেত্রে) এর কপি।"** | ব্যবসা বাণিজ্য তথা, রপ্তানির বিপরীতে হ্রাসকারী সমন্বয় সহজীকরণের লক্ষ্যে এ সংশোধনী আনয়ন করা হয়েছে। |
| | বিধি ৪৫ এর উপ-বিধি (৩) এর প্রতিস্থাপন | বিধি ৪৫ এর উপ-বিধি (৩) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (৩) প্রতিস্থাপন করা হয়েছে, যথা:-<br>**"(৩) উপ-বিধি (১) ও (২) এ বর্ণিত শর্তাবলী পূরণ করা হইলে উক্ত আবেদন প্রাথমিকভাবে গৃহীত হইবে; তবে উক্ত আবেদনের ভিত্তিতে কমিশনার কর্তৃক আংশিক বা সমুদয় হ্রাসকারী সমন্বয় সাধনের অনুমোদন বিবেচনার লক্ষ্যে বৈদেশিক মুদ্রা প্রত্যাবাসন সনদ (Proceed Realization Certificate-PRC) এর কপি দাখিল করিতে হইবে এবং কমিশনার যে কর মেয়াদে বা মেয়াদসমূহে** | ব্যবসা বাণিজ্য তথা, রপ্তানির বিপরীতে হ্রাসকারী সমন্বয় সহজীকরণের লক্ষ্যে এ সংশোধনী আনয়ন করা হয়েছে। |

| ক্র/ নং | বিধি | বিষয়বস্তু | নির্দেশনা/ করণীয় |
| --- | --- | --- | --- |
| | | **সমন্বয় সাধন করা যাইবে উহা উল্লেখপূর্বক অনুমতি প্রদান করিয়া আবেদনকারীকে লিখিতভাবে অবহিত করিবেন।"** | |
| | বিধি ৪৫ এর উপ-বিধি (৪) এর প্রতিস্থাপন | বিধি ৪৫ এর উপ-বিধি (৪) নিম্নরূপভাবে প্রতিস্থাপন করা হয়েছে, যথা:- **"(৪) উপ-বিধি (৩) এর বিধানাবলী পরিপালন করা হইলে কমিশনার আবেদন প্রাপ্তির ১৫ (পনের) দিনের বা উক্ত বিধানাবলী পরিপালনের ১৫ (পনের) দিনের মধ্যে উক্ত আবেদনের উপর সিদ্ধান্ত প্রদান করিবেন।"** | ব্যবসা বাণিজ্য সহজীকরণের লক্ষ্যে এ সংশোধনী আনয়ন করা হয়েছে। |
| ৫. | বিধি ৪৯ এ নতুন উপ-বিধি (১ক) সন্নিবেশ | বিধি ৪৯ এর উপ-বিধি (১) এর পর নিম্নরূপ নূতন উপ-বিধি (১ক) সন্নিবেশ করা হয়েছে, যথা:- **"(১ক) উপ-বিধি (১) এ বর্ণিত কারণ ব্যতীত অন্য যেকোনো কারণে যেমন: নির্ধারিত সময়ের মধ্যে হ্রাসকারী সমন্বয় বা রেয়াত গ্রহণের ব্যর্থতার ক্ষেত্রে দাখিলপত্র সংশোধন করা যাইবে না।"** | দাখিলপত্র সংশোধনের ক্ষেত্র সংক্রান্ত বিষয়টি অধিকতর স্পষ্টীকরণের লক্ষ্যে এ বিধান সন্নিবেশ করা হয়েছে। |
| ৬. | বিধি ৬১ এর উপ-বিধি (৫) এর সংশোধন | বিধি ৬১ এর উপ-বিধি (৫) এ উল্লিখিত **"৩ (তিন)"** সংখ্যা, শব্দ ও বন্ধনীর পরিবর্তে **"৫ (পাঁচ)"** সংখ্যা, শব্দ ও বন্ধনী প্রতিস্থাপন এবং **"কমিশনার"** শব্দের পর **"বা মহাপরিচালক"** শব্দগুলি সন্নিবেশ করা হয়েছে। | তল্লাশি ও জব্দকরণ প্রক্রিয়ার পর দলিলাদি যাচাই বাছাই করে প্রাথমিক প্রতিবেদন প্রদানের ক্ষেত্রে ৩ (তিন) কার্যদিবস সময় পর্যাপ্ত না হওয়ায় প্রতিবেদন ভুল হওয়ার সুযোগ থেকে যায় বিধায় ৫ (পাঁচ) কার্যদিবস সময় প্রদান করা হলে প্রতিবেদন আরো যৌক্তিক ও নির্ভুল করা সম্ভব হবে। তাই, প্রায়োগিক জটিলতা নিরসনের লক্ষ্যে এ সংশোধনী আনয়ন করা হয়েছে। |

| ক্র/ নং | বিধি | বিষয়বস্তু | নির্দেশনা/ করণীয় |
|---|---|---|---|
| ৭. | বিধি ৬১ এ নতুন উপ-বিধি (৫ক) সন্নিবেশ | বিধি ৬১ এর উপ-বিধি (৫) এর পর নিম্নরূপ নূতন উপ-বিধি (৫ক) সন্নিবেশ করা হয়েছে, যথা:-<br><br>**“(৫ক) কমিশনার বা মহাপরিচালক জব্দকৃত রেকর্ড, দলিলাদি ও পণ্যের প্রকৃতি বিবেচনায় উপ-বিধি (৫) এ বর্ণিত চূড়ান্ত প্রতিবেদন দাখিলের জন্য অতিরিক্ত ৩০ দিন পর্যন্ত সময় বর্ধিত করিতে পারিবেন।”** | প্রায়োগিক জটিলতা নিরসনের লক্ষ্যে এ সংশোধনী আনয়ন করা হয়েছে। |
| ৮. | বিধি ৬১ এর উপ-বিধি (৬) সংশোধন | বিধি ৬১ এর উপ-বিধি (৬) এ উল্লিখিত **“কমিশনার”** শব্দের পর **“বা মহাপরিচালক”** শব্দগুলি সন্নিবেশ করা হয়েছে। | প্রায়োগিক জটিলতা নিরসনের লক্ষ্যে এ সংশোধনী আনয়ন করা হয়েছে। |
| ৯. | বিধি ৬৫ প্রতিস্থাপন | বিধি ৬৫ নিম্নরূপভাবে প্রতিস্থাপন করা হয়েছে, যথা:-<br><br>**“৬৫। কর নির্ধারণ ও জরিমানা আরোপের পদ্ধতি।—** (১) ধারা ৭৩ অনুযায়ী কর নির্ধারণ এবং ধারা ৮৫ অনুযায়ী জরিমানা আরোপের লক্ষ্যে ধারা ৭৩ ও ধারা ৮৬ এ উল্লিখিত যথোপযুক্ত কর্মকর্তা ফরম “মূসক-১২.১২” এ প্রাথমিক কারণ দর্শানো নোটিশ জারি করিবেন।<br><br>(২) ধারা ৮৫ এর উপ-ধারা (১) এ বর্ণিত কর ফাঁকি সংক্রান্ত ব্যর্থতা ব্যতীত অন্য যেকোনো ধরণের ব্যর্থতা বা অনিয়মের জন্য সহকারী কমিশনার পদমর্যাদার নিম্নে নহেন এইরূপ কোনো মূসক কর্মকর্তা ফরম “মূসক-১২.১২” এ প্রাথমিক কারণ দর্শানো নোটিশ জারি করিবেন।<br><br>(৩) ধারা ৮৫ এর উপ-ধারা (২) এর মর্মানুযায়ী কোনো অনিয়ম সংঘটিত হইলে সহকারী কমিশনার পদমর্যাদার নিম্নে নহেন এইরূপ কোনো মূসক কর্মকর্তা ফরম “মূসক-১২.১২” এ প্রাথমিক কারণ দর্শানো নোটিশ জারি করিবেন এবং সেইক্ষেত্রে অন্যূন ১০ (দশ) হাজার এবং অনূর্ধ্ব ১ (এক) লক্ষ টাকা জরিমানা আরোপিত হইবে। | আইনের ধারা ৭৩ এবং ধারা ৮৫ অনুযায়ী কর নির্ধারণ ও জরিমানা আরোপ একই সাথে করার লক্ষ্যে বিধি ৬৫ প্রতিস্থাপন করা হয়েছে। |

| ক্র/ নং | বিধি | বিষয়বস্তু | নির্দেশনা/ করণীয় |
|---|---|---|---|
| | | (৪) প্রযোজ্য ক্ষেত্রে, ফরম "মূসক-১২.১২" এ উল্লিখিত তথ্যের অতিরিক্ত তথ্য চাহিয়া ও সন্নিবেশ করিয়া কারণ দর্শানো নোটিশ জারি করা যাইবে।<br><br>(৫) ফরম "মূসক-১২.১২" এর মাধ্যমে জারীকৃত প্রাথমিক কারণ দর্শানো নোটিশ ও ফরম "মূসক-১২.১৩" এর মাধ্যমে নোটিশ চূড়ান্তকরণের লক্ষ্যে ধারা ৭৩ এর উপ-ধারা (২) এ বর্ণিত বিধান অনুসরণ করিতে হইবে।<br><br>(৬) কারণ দর্শানো নোটিশের জবাব প্রাপ্তির পর যথোপযুক্ত কর্মকর্তা ফরম "মূসক-১২.১৩" এ কর নির্ধারণ ও জরিমানা আরোপের চূড়ান্ত আদেশ জারি করিবেন।<br><br>(৭) প্রযোজ্য ক্ষেত্রে, ফরম "মূসক-১২.১৩" এ উল্লিখিত তথ্যের অতিরিক্ত তথ্য সন্নিবেশ করিয়া চূড়ান্ত আদেশ জারি করা যাইবে।<br><br>(৮) নির্ধারিত সময়ের মধ্যে কারণ দর্শানো নোটিশের জবাব পাওয়া না গেলে যথোপযুক্ত কর্মকর্তা প্রাপ্ত দলিলাদির ভিত্তিতে কর নির্ধারণ ও জরিমানা আরোপ করিয়া আদেশ জারি করিতে পারিবেন।" | |

**(খ) মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর অধীন সংশোধিত বা প্রতিস্থাপিত ফরমসমূহ নিম্নরূপঃ**

| ক্রমিক নং | মূসক ফরম | প্রস্তাবিত সংশোধন | ফরমের বিষয় |
|---|---|---|---|
| ১. | ফরম "মূসক-১১.১" সংশোধন | ফরম "মূসক-১১.১" এ উল্লিখিত **"১০,০০০.০০ (দশ হাজার) টাকা"** সংখ্যাগুলি, শব্দগুলি ও চিহ্নগুলির পরিবর্তে **"৫,০০০.০০ (পাঁচ হাজার) টাকা"** সংখ্যাগুলি, শব্দগুলি ও চিহ্নগুলি প্রতিস্থাপন করা হয়েছে। | আইন ও বিধির সাথে সামঞ্জস্য আনয়নের লক্ষ্যে এ সংশোধনী আনা হয়েছে। |
| ২. | ফরম "মূসক-১২.৯" সংশোধন | ফরম "মূসক-১২.৯" এ উল্লিখিত **"ইহার পর যদি ......... দিনের মধ্যে উক্ত কর পরিশোধ না করা হয়, তা হইলে উক্ত অপরিচলনকৃত একাউন্টে জমাকৃত অর্থ বা বর্ণিত পাওনা আদায়ে জন্য উহার যতটুকু প্রয়োজন ততটুকু ......... হিসাব কোডে সরকারি** | আইন ও বিধির সাথে সামঞ্জস্য আনয়নের লক্ষ্যে এ সংশোধনী আনা হয়েছে। |

| ক্রমিক নং | মূসক ফরম | প্রস্তাবিত সংশোধন | ফরমের বিষয় |
|---|---|---|---|
| | | **কোষাগারে জমা করিবেন এবং অত্র পরোয়ানা কার্যকরী করার অব্যবহিত পরই পরোয়ানা অনুযায়ী আপনি যা করিয়াছেন এবং যে পাওনা টাকা আদায় হইয়াছে তাহার বিস্তারিত উল্লেখ করিয়া আরেকটি প্রতিবেদন নিম্নস্বাক্ষরকারী বরবার প্রেরণ করিবেন।”** শব্দগুলি ও চিহ্নগুলি বিলুপ্ত করা হয়েছে। | |
| ৩. | ফরম “মূসক-১২.১২” এর পরিবর্তে ফরম “মূসক-১২.১২” প্রতিস্থাপন | **কারণ দর্শানো নোটিশ** সংক্রান্ত ফরম “মূসক-১২.১২” প্রতিস্থাপন করা হয়েছে। | আইন ও বিধির সাথে সামঞ্জস্য আনয়নের লক্ষ্যে এ সংশোধনী আনা হয়েছে। |
| ৪. | ফরম “মূসক-১২.১৩” এর পরিবর্তে ফরম “মূসক-১২.১৩” প্রতিস্থাপন | ন্যায়-নির্ণয় আদেশ সংক্রান্ত ফরম “মূসক-১২.১৩” এর পরিবর্তে **“কর নির্ধারণ ও জরিমানা আরোপের চূড়ান্ত আদেশ”** সংক্রান্ত ফরম “মূসক-১২.১৩” প্রতিস্থাপন করা হয়েছে। | আইন ও বিধির সাথে সামঞ্জস্য আনয়নের লক্ষ্যে এ সংশোধনী আনা হয়েছে। |
| ৫. | ফরম “মূসক-১৪.১” সংশোধন | ফরম “মূসক-১৪.১” এর-<br>(ক) অনুচ্ছেদ ০৪ এ উল্লিখিত **“উল্লেখ্য যে, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর অধীন এই সার্টিফিকেটের বিরুদ্ধে আপিল করিবার বা আপত্তি উত্থাপনের অধিকার আপনার রহিয়াছে।”** শব্দগুলি, সংখ্যাগুলি ও চিহ্নগুলি বিলুপ্ত করা হয়েছে।<br><br>(খ) অনুচ্ছেদ ০৫ এর পরিবর্তে নিম্নরূপ অনুচ্ছেদ ০৫ প্রতিস্থাপন করা হয়েছে, যথা:-<br>**“০৫। বকেয়া করের উপর মাসিক ১% হারে সুদ আরোপিত হইয়াছে এবং আইনের ধারা ১২৭ অনুযায়ী উহা অব্যাহত থাকিবে।”** | প্রায়োগিক জটিলতা নিরসন ও ব্যবসা বাণিজ্য সহজীকরণের লক্ষ্যে বকেয়া কর আদায় সার্টিফিকেট সংক্রান্ত ফরমটিতে এ সংশোধনী আনা হয়েছে। |
| ৬. | ফরম “মূসক-১৪.২” সংশোধন | ফরম “মূসক-১৪.২” এ উল্লিখিত **“রাষ্ট্রের নিকট উক্ত জনাব/মেসার্স ..................... পাওনা”** এন্ট্রিসমূহের পরিবর্তে **“রাষ্ট্রের নিকটে উক্ত জনাব/মেসার্স ..................... এর পাওনা”** এন্ট্রিসমূহ প্রতিস্থাপন করা হয়েছে। | করণীক ত্রুটি সংশোধনের লক্ষ্যে রাষ্ট্রীয় পাওনা আদায়ের নোটিশ সংক্রান্ত ফরমটিতে এ সংশোধনী আনয়ন করা হয়েছে। |

## ০৫। মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ ও মূল্য সংযোজন ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর আওতায় যে সকল প্রজ্ঞাপন ও সাধারণ আদেশ জারি করা হয়েছে, তার তালিকা:

**(ক) প্রজ্ঞাপনসমূহের তালিকাঃ**

(১) প্রজ্ঞাপন এস.আর.ও. নং-১৩৫-আইন/২০২৩/২১২-মূসক, তারিখ: ২১ মে, ২০২৩ খ্রিষ্টাব্দ এর মাধ্যমে মূল্য সংযোজন ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এ কতিপয় প্রয়োজনীয় সংশোধন করা হয়েছে;

(২) প্রজ্ঞাপন এস.আর.ও. নং-১৩৬-আইন/২০২৩/২১৩-মূসক, তারিখ: ২১ মে, ২০২৩ খ্রিষ্টাব্দ এর মাধ্যমে আমদানি, আমদানি ও উৎপাদন, উৎপাদন, সেবা ও ব্যবসায়ী পর্যায়ে প্রতি বছরের ন্যায় বিভিন্ন ক্ষেত্রে অব্যাহতি প্রদানপূর্বক পূর্বের অব্যাহতি প্রজ্ঞাপন রহিত করে নূতন প্রজ্ঞাপন জারি করা হয়েছে;

(৩) প্রজ্ঞাপন এস.আর.ও. নং-১৩৭-আইন/২০২৩/২১৪-মূসক, তারিখ: ২১ মে, ২০২৩ খ্রিষ্টাব্দ এর মাধ্যমে রেফ্রিজারেটর ও ফ্রিজার উৎপাদনের ক্ষেত্রে বিদ্যমান স্থানীয় উৎপাদন পর্যায়ে ৫ শতাংশ মূসক আরোপ এবং উপকরণ ও যন্ত্রাংশ আমদানি ও স্থানীয়ভাবে ক্রয়ের ক্ষেত্রে বিদ্যমান মূসক (আগাম করসহ) ও সম্পূরক শুল্ক (প্রযোজ্য ক্ষেত্রে) অব্যাহতি সুবিধা ৩০ জুন, ২০২৪ খ্রিষ্টাব্দ পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে;

(৪) প্রজ্ঞাপন এস.আর.ও. নং-১৩৮-আইন/২০২৩/২১৫-মূসক, তারিখ: ২১ মে, ২০২৩ খ্রিষ্টাব্দ এর মাধ্যমে পলিপ্রোপাইলিন স্ট্যাপল ফাইবার এর স্থানীয় উৎপাদন পর্যায়ে বিদ্যমান সমুদয় মূসক অব্যাহতি সুবিধা প্রত্যাহারপূর্বক ৫ শতাংশ মূল্য সংযোজন কর আরোপ এবং উক্ত পণ্য উৎপাদনে ব্যবহৃত কাঁচামাল আমদানিতে বিদ্যমান অব্যাহতি সুবিধা বহালপূর্বক আলোচ্য রেয়াতি সুবিধা ৩০ জুন, ২০২৪ খ্রিষ্টাব্দ পর্যন্ত বর্ধিত করা হয়েছে;

(৫) প্রজ্ঞাপন এস.আর.ও. নং-১৩৯-আইন/২০২৩/২১৬-মূসক, তারিখ: ২১ মে, ২০২৩ খ্রিষ্টাব্দ এর মাধ্যমে উৎপাদিত বা আমদানিকৃত তামাকযুক্ত সিগারেটের মূল্য নির্ধারণসহ উহার প্যাকেটে স্ট্যাম্প বা ব্যান্ডরোল ব্যবহার পদ্ধতি বিধিমালা, ২০১৯ প্রয়োজনীয় সংশোধনী আনয়ন করা হয়েছে। এছাড়া, তামাকযুক্ত সিগারেটের সর্বোচ্চ খুচরা মূল্যের ভিত্তিতে যথাযথ রাজস্ব আহরণের স্বার্থে উক্ত প্রজ্ঞাপনের মাধ্যমে আলোচ্য বিধিমালার বিধি ৬ এর উপ-বিধি (১) এর দফা (খ) এর উপ-দফা (ই) তে উল্লিখিত "খুচরা মূল্য" শব্দগুলির পরিবর্তে "সর্বোচ্চ খুচরা মূল্য" শব্দগুলি প্রতিস্থাপন করা হয়েছে। এছাড়াও, বিধি ১১ এর উপ-বিধি (২) এর পরিবর্তে উপ-বিধি (২) প্রতিস্থাপন করা হয়েছে;

(৬) প্রজ্ঞাপন এস.আর.ও. নং-১৪০-আইন/২০২৩/২১৭-মূসক, তারিখ: ২১ মে, ২০২৩ খ্রিষ্টাব্দ এর মাধ্যমে সিগারেট এর সর্বোচ্চ খুচরা মূল্য ও সম্পূরক শুল্ক নির্ধারণ করা হয়েছে। এছাড়াও, সর্বোচ্চ খুচরা মূল্যে সিগারেট বিক্রয় নিশ্চিতকরণের লক্ষ্যে টেবিলে ও অনুচ্ছেদ ২ এ প্রয়োজনীয় সংশোধনী আনয়ন করা হয়েছে;

(৭) প্রজ্ঞাপন এস.আর.ও. নং-১৪১-আইন/২০২৩/২১৮-মূসক, তারিখ: ২১ মে, ২০২৩ খ্রিষ্টাব্দ এর মাধ্যমে সিগারেটের সম্পূরক শুল্ক অব্যাহতি প্রদান সংক্রান্ত ইতোপূর্বে জারীকৃত

প্রজ্ঞাপন এস.আর.ও. নং-১৫৫-আইন/২০২০/১১৬-মূসক, তারিখ: ১১ জুন, ২০২০ খ্রিষ্টাব্দ হালনাগাদ করা হয়েছে;

(৮) প্রজ্ঞাপন এস.আর.ও. নং-১৪২-আইন/২০২৩/২১৯-মূসক, তারিখ: ২১ মে, ২০২৩ খ্রিষ্টাব্দ এর মাধ্যমে কমিশনারের দায়িত্ব ও কর্তব্য সম্পাদনের ক্ষমতা সংক্রান্ত প্রজ্ঞাপন এসআরও নং-১৮৩-আইন/২০১৯/৪০-মূসক, তারিখঃ ১৩ জুন, ২০১৯ খ্রিষ্টাব্দ এর টেবিলের কলাম (১) এ উল্লিখিত দাখিলপত্র মডিউলের এর বিপরীতে কলাম (২) এ উল্লিখিত 'ক্রমিক নং' (৫), (১১) ও (১২) তে উল্লিখিত **'সময় বৃদ্ধির আবেদন বিবেচনা', 'দায় বৃদ্ধি সংক্রান্ত সংশোধিত রিটার্ন অনুমোদন'** ও **'দায় হ্রাস সংক্রান্ত সংশোধিত রিটার্ন অনুমোদন'** সংক্রান্ত কার্যাবলী বিলুপ্ত করা হয়েছে;

(৯) প্রজ্ঞাপন এস.আর.ও. নং-১৪৩-আইন/২০২৩/২২০-মূসক, তারিখ: ২১ মে, ২০২৩ খ্রিষ্টাব্দ এর মাধ্যমে সেবা কোড S০৯৯.৬০ এর আওতায় 'মার্কেট প্লেস' বিষয়টি অন্তর্ভুক্ত করে **"অনলাইনে পণ্য বিক্রয়"** সেবার সংজ্ঞা সংশোধন করা হয়েছে;

(১০) প্রজ্ঞাপন এস.আর.ও. নং-১৪৪-আইন/২০২৩/২২১-মূসক, তারিখ: ২১ মে, ২০২৩ খ্রিষ্টাব্দ এর মাধ্যমে "মৌসুমী ইটভাটা মূল্য সংযোজন কর বিধিমালা, ২০১৯" এর কতিপয় সংশোধনী আনয়ন করা হয়েছে;

(১১) প্রজ্ঞাপন এস.আর.ও. নং-১৪৫-আইন/২০২৩/২২২-মূসক, তারিখ: ২১ মে, ২০২৩ খ্রিষ্টাব্দ এর মাধ্যমে "মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক (কেন্দ্রীয় নিবন্ধন গ্রহণ ও কর পরিশোধ) বিধিমালা, ২০১৯" এ সংশোধনী আনয়ন করা হয়েছে;

(১২) প্রজ্ঞাপন এস.আর.ও. নং-১৪৬-আইন/২০২৩/২২৩-মূসক, তারিখ: ২১ মে, ২০২৩ খ্রিষ্টাব্দ এর মাধ্যমে স্যানিটারী ন্যাপকিন ও ডায়াপারের কাঁচামাল আমদানির ক্ষেত্রে মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক অব্যাহতির মেয়াদ ১ বছর বর্ধিতকরণপূর্বক ৩০ জুন, ২০২৪ খ্রিষ্টাব্দ পর্যন্ত নির্ধারণ করা হয়েছে;

(১৩) প্রজ্ঞাপন এসআরও নং-২২৯-আইন/২০১৯/৬৫-মূসক, তারিখ: ৩০ জুন, ২০১৯ খ্রিঃ এর মাধ্যমে মোবাইল টেলিফোন সেট বা সেলুলার ফোন স্থানীয় উৎপাদন এবং উক্ত পণ্য উৎপাদনে ব্যবহৃত প্রয়োজনীয় উপকরণ ও খুচরা যন্ত্রাংশ আমদানি ও স্থানীয় ক্রয়ের ক্ষেত্রে সমুদয় মূল্য সংযোজন কর (আগাম কর ব্যতীত) অব্যাহতি প্রদান করা হয়েছিল। এক্ষেত্রে শর্ত হিসেবে Printed Circuit Board (PCB), Charger, Battery, Housing & Casing উৎপাদনের সক্ষমতা থাকার বিধান থাকলেও পণ্যসমূহ (উপকরণ) উৎপাদনে কোন বাধ্যবাধকতা রাখা হয় নি। এছাড়া, মোবাইল টেলিফোন সেট বা সেলুলার ফোন স্থানীয় পর্যায়ে উৎপাদনের ক্ষেত্রে সংযোজনকারী প্রতিষ্ঠানের ক্ষেত্রে ৩ বা ৫ শতাংশের অতিরিক্ত মূল্য সংযোজন কর হতে অব্যাহতি প্রদান করা হয়েছে। এক্ষেত্রেও শর্ত হিসেবে Printed Circuit Board Assembling (PCBA), Charger ও Battery সংযোজনপূর্বক উৎপাদনের সক্ষমতা থাকার বিধান থাকলেও উল্লিখিত পণ্য (উপকরণ) কত শতাংশ উৎপাদন করতে হবে সে বিষয়টি প্রজ্ঞাপনে বর্ণিত নেই। এক্ষেত্রে টেবিল-১, টেবিল-২ ও টেবিল-৩ এ বর্ণিত পণ্যসমূহ প্রজ্ঞাপনে উল্লিখিত যন্ত্রপাতি ব্যবহার পূর্বক নূন্যতম ৫০ শতাংশ উৎপাদন বা সংযোজন করতে হবে মর্মে শর্ত সন্নিবেশ করা হয়েছে। একই সাথে মোবাইল ফোন সংযোজনের ক্ষেত্রে টেবিল-২ এবং টেবিল-৩ এর আওতায়

উৎপাদনকারী/সংযোজনকারী কমপক্ষে ২০ শতাংশ মূল্য সংযোজন করতে হবে মর্মে শর্ত আরোপ করা হয়েছে। এছাড়া, মোবাইল ফোনের স্থানীয় উৎপাদন পর্যায়ে টেবিল-১ এর ক্ষেত্রে বিদ্যমান অব্যাহতি প্রত্যাহারপূর্বক ২ শতাংশ, কেবলমাত্র স্থানীয় সংযোজনকারী প্রতিষ্ঠান হিসেবে প্রজ্ঞাপনের টেবিল-২ এর ক্ষেত্রে ৩ শতাংশের পরিবর্তে ৫ শতাংশ এবং টেবিল-৩ এর ক্ষেত্রে ৫ শতাংশের পরিবর্তে ৭.৫ শতাংশ মূসক আরোপ করা হয়েছে। সে লক্ষ্যে প্রজ্ঞাপন এস.আর.ও. নং-১৪৭-আইন/২০২৩/২২৪-মূসক, তারিখ: ২১ মে, ২০২৩ খ্রিষ্টাব্দ এর মাধ্যমে মোবাইল ফোন সংক্রান্ত প্রজ্ঞাপন এসআরও নং-২২৯-আইন/২০১৯/৬৫-মূসক, তারিখ: ৩০ জুন, ২০১৯ খ্রিঃ এ প্রয়োজনীয় সংশোধনী আনয়নপূর্বক উক্ত প্রজ্ঞাপনের মেয়াদ ৩০ জুন, ২০২৪ পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে;

(১৪) প্রজ্ঞাপন এস.আর.ও. নং-১৪৮-আইন/২০২৩/২২৫-মূসক, তারিখ: ২১ মে, ২০২৩ খ্রিষ্টাব্দ এর মাধ্যমে Iron or steel (LPG Cylinder) এর উপর স্থানীয় উৎপাদন পর্যায়ে মূল্য সংযোজন কর হার ৫ শতাংশের পরিবর্তে **৭.৫ শতাংশ নির্ধারণপূর্বক** আলোচ্য রেয়াতী সুবিধা ৩০ জুন, ২০২৪ খ্রিষ্টাব্দ পর্যন্ত বর্ধিত করা হয়েছে;

(১৫) প্রজ্ঞাপন এস.আর.ও. নং-১৪৯-আইন/২০২৩/২২৬-মূসক, তারিখ: ২১ মে, ২০২৩ খ্রিষ্টাব্দ এর মাধ্যমে ওয়াসিং মেশিন, মাইক্রোওয়েভ ওভেন, ইলেক্ট্রিক ওভেন এর উৎপাদন পর্যায়ে মূল্য সংযোজন কর এবং উক্ত পণ্য উৎপাদনে ব্যবহৃত প্রয়োজনীয় উপকরণ ও যন্ত্রাংশ আমদানি ও স্থানীয়ভাবে ক্রয়ের ক্ষেত্রে বিদ্যমান সমুদয় মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক (আগাম করসহ) অব্যাহতি সুবিধা ৩০ জুন, ২০২৫ খ্রিষ্টাব্দ পর্যন্ত বর্ধিত করা হয়েছে;

(১৬) প্রজ্ঞাপন এস.আর.ও. নং-১৫০-আইন/২০২৩/২২৭-মূসক, তারিখ: ২১ মে, ২০২৩ খ্রিষ্টাব্দ এর মাধ্যমে ব্লেন্ডার, জুসার, মিক্সার, গ্রাইন্ডার, ইলেক্ট্রিক কেটলি, রাইস কুকার, মাল্টি কুকার এবং প্রেসার কুকার এর উৎপাদন পর্যায়ে মূল্য সংযোজন কর এবং উক্ত পণ্য উৎপাদনে ব্যবহৃত প্রয়োজনীয় উপকরণ ও যন্ত্রাংশ আমদানি ও স্থানীয়ভাবে ক্রয়ের ক্ষেত্রে আরোপনীয় সমূদয় মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক (আগাম করসহ) অব্যাহতির বিদ্যমান সুবিধা ৩০ জুন, ২০২৫ খ্রিষ্টাব্দ পর্যন্ত বর্ধিত করা হয়েছে;

(১৭) প্রজ্ঞাপন এস.আর.ও. নং-১৫১-আইন/২০২৩/২২৮-মূসক, তারিখ: ২১ মে, ২০২৩ খ্রিষ্টাব্দ এর মাধ্যমে তথ্য প্রযুক্তি ও কম্পিউটার শিল্পের বিকাশের লক্ষ্যে ইতোপূর্বে জারীকৃত প্রজ্ঞাপন এস.আর.ও. নং-১৫০-আইন/২০২১/১৪৭-মূসক, তারিখ: ০৩ জুন, ২০২১ খ্রিষ্টাব্দ এর মাধ্যমে প্রদত্ত রেয়াতী সুবিধা ৩০ জুন, ২০২৬ খ্রিষ্টাব্দ পর্যন্ত বর্ধিত করা হয়েছে;

(১৮) প্রজ্ঞাপন এস.আর.ও. নং-১৫২-আইন/২০২৩/২২৯-মূসক, তারিখ: ২১ মে, ২০২৩ খ্রিষ্টাব্দ এর মাধ্যমে কতিপয় পণ্য আমদানির ক্ষেত্রে আমদানি পর্যায়ে আগাম কর অব্যাহতি সুবিধা প্রদান করা হয়েছে;

(১৯) প্রজ্ঞাপন এস.আর.ও. নং-১৫৩-আইন/২০২৩/২৩০-মূসক, তারিখ: ২১ মে, ২০২৩ খ্রিষ্টাব্দ এর মাধ্যমে শুধুমাত্র নিবন্ধিত উৎপাদক কর্তৃক Linear Alkyl Benzene Sulphonic Acid (LABSA) এবং Sodium Lauryl Ether Sulphate (SLES) এর স্থানীয় উৎপাদন পর্যায়ে ৫ শতাংশের অতিরিক্ত মূল্য সংযোজন কর অব্যাহতির বিদ্যমান সুবিধা ৩০ জুন, ২০২৪ খ্রিষ্টাব্দ পর্যন্ত বর্ধিত করা হয়েছে;

(২০) প্রজ্ঞাপন এস.আর.ও. নং-১৫৪-আইন/২০২৩/২৩১-মূসক, তারিখ: ২১ মে, ২০২৩ খ্রিষ্টাব্দ এর মাধ্যমে সফটওয়্যার এর উপর মূসক অব্যাহতি প্রত্যাহারপূর্বক সফটওয়্যার ও কাস্টমাইজেশন সেবার উপর **৫ (পাঁচ) শতাংশ** মূসক আরোপ করা হয়েছে;

(২১) প্রজ্ঞাপন এস.আর.ও. নং-১৫৫-আইন/২০২৩/২৩২-মূসক, তারিখ: ২১ মে, ২০২৩ খ্রিষ্টাব্দ এর মাধ্যমে অপটিক্যাল ফাইবার ক্যাবল এর স্থানীয় উৎপাদন পর্যায়ে **৫ (পাঁচ) শতাংশের** অতিরিক্ত মূল্য সংযোজন কর অব্যাহতি প্রদান করা হয়েছে এবং উক্ত রেয়াতি সুবিধা ৩০ জুন, ২০২৪ খ্রিষ্টাব্দ পর্যন্ত নির্ধারণ করা হয়েছে;

(২২) প্রজ্ঞাপন এস.আর.ও. নং-১৫৬-আইন/২০২৩/২৩৩-মূসক, তারিখ: ২১ মে, ২০২৩ খ্রিষ্টাব্দ এর মাধ্যমে কতিপয় পণ্যের ক্ষেত্রে আমদানি পর্যায়ে ৫ (পাঁচ) শতাংশের অতিরিক্ত মূল্য সংযোজন কর অব্যাহতি প্রদান করা হয়েছে; এবং

(২৩) প্রজ্ঞাপন এস.আর.ও. নং-১৫৭-আইন/২০২৩/২৩৪-মূসক, তারিখ: ২১ মে, ২০২৩ খ্রিষ্টাব্দ এর মাধ্যমে লাইমস্টোন আমদানির ক্ষেত্রে সম্পূরক শুল্ক অব্যাহতি প্রদান সংক্রান্ত ইতোপূর্বে জারীকৃত প্রজ্ঞাপন এস.আর.ও. নং-৭০-আইন/২০২৩/২১১-মূসক, তারিখ: ১৩ মার্চ, ২০২৩ খ্রিষ্টাব্দ এর সংশোধনী আনয়ন করা হয়েছে।

**(খ) সাধারণ আদেশসমূহের তালিকাঃ**

(১) সাধারণ আদেশ নং-০১/মূসক/২০২৩, তারিখ: ২১ মে, ২০২৩ খ্রিষ্টাব্দ এর মাধ্যমে সিগারেটের মূল্যস্তর ভেদে স্ট্যাম্প ও ব্যান্ডরোল ব্যবহার এবং মূসক ও সম্পূরক শুল্ক আদায়ের দিক-নির্দেশনা সংক্রান্ত আদেশ জারি করা হয়েছে;

(২) সাধারণ আদেশ নং-০২/মূসক/২০২৩, তারিখ: ২১ মে, ২০২৩ খ্রিষ্টাব্দ এর মাধ্যমে টার্নওভার নির্বিশেষে নিবন্ধনের দিক-নির্দেশনা সংক্রান্ত ইতোপূর্বে জারীকৃত সাধারণ আদেশ নং-১৭/মূসক/২০১৯, তারিখ: ১৭ জুলাই, ২০১৯ খ্রিষ্টাব্দ এর প্রয়োজনীয় সংশোধনী আনয়ন করা হয়েছে;

(৩) সাধারণ আদেশ নং-০৩/মূসক/২০২৩, তারিখ: ২১ মে, ২০২৩ খ্রিষ্টাব্দ এর মাধ্যমে চুক্তিভিত্তিক পণ্য উৎপাদন ও সরবরাহের ক্ষেত্রে পালনীয় পদ্ধতি, রেয়াত গ্রহণ ও অন্যান্য প্রক্রিয়ার দিক-নির্দেশনা সংক্রান্ত ইতোপূর্বে জারীকৃত সাধারণ আদেশ নং-১৪/মূসক/২০২০, তারিখ: ২৪ নভেম্বর, ২০২০ খ্রিষ্টাব্দ এর প্রয়োজনীয় সংশোধনী আনয়ন করা হয়েছে;

(৪) সাধারণ আদেশ নং-০৪/মূসক/২০২৩, তারিখ: ২১ মে, ২০২৩ খ্রিষ্টাব্দ এর মাধ্যমে গ্রাহক কর্তৃক পরিশোধিত বিদ্যুৎ বিলের বিপরীতে মোবাইল ব্যাংকিং সেবা প্রদানকারী প্রতিষ্ঠান কর্তৃক জারীকৃত ইনভয়েসকে কর চালানপত্র হিসেবে গণ্যকরণ সংক্রান্ত সাধারণ আদেশ নং-১১/মূসক/২০২২, তারিখ: ২০ সেপ্টেম্বর, ২০২২ খ্রিষ্টাব্দ এর প্রয়োজনীয় সংশোধনী আনয়ন করা হয়েছে।

০৬। **উপরোক্ত প্রজ্ঞাপন ও আদেশসমূহে মূল্য সংযোজন কর, সম্পূরক শুল্ক ও আগাম কর অব্যাহতি/আরোপ সংক্রান্ত উল্লেখযোগ্য সংশোধনীসমূহ আনা হয়েছে, যথা:-**

**(ক) মূসক অব্যাহতি প্রদানঃ**

| পণ্যের এইচ.এস. কোড/সেবার কোড | পণ্য/সেবার নাম | যে পর্যায়ে অব্যাহতি |
|---|---|---|
| 1905.31.00 | ২০০ (দুইশত) টাকা পর্যন্ত (প্রতি কেজি) মূল্যমানের হাতে তৈরি বিস্কুট | উৎপাদন পর্যায় |
| 1905.90.00 | ৩০০ (তিনশত) টাকা পর্যন্ত (প্রতি কেজি) মূল্যমানের কেক (পার্টিকেক ব্যতীত) | উৎপাদন পর্যায় |
| 2306.50.00 | Coconut/Copra Waste | উৎপাদন পর্যায় |
| 2709.00.00 | Petroleum oils and oils obtained from bituminous minerals, crude. | আমদানি পর্যায় |
| 2710.12.11 | Motor spirit of H.B.O.C Type | আমদানি পর্যায় |
| 2710.12.19 | Other motor spirits, including aviation spirit | আমদানি পর্যায় |
| 2710.12.20 | Spirit type jet fuel | আমদানি পর্যায় |
| 2710.12.31 | White spirit | আমদানি পর্যায় |
| 2710.12.32 | Naphtha | আমদানি পর্যায় |
| 2710.12.41 | J.P.1 kerosene type jet fuels | আমদানি পর্যায় |
| 2710.12.42 | J.P.4 kerosene type jet fuels | আমদানি পর্যায় |
| 2710.12.43 | Other kerosene type jet fuels | আমদানি পর্যায় |
| 2710.12.49 | Other kerosene | আমদানি পর্যায় |
| 2710.12.61 | Light diesel oils | আমদানি পর্যায় |
| 2710.12.62 | High speed diesel oils | আমদানি পর্যায় |
| 2710.19.11 | Furnace oils | আমদানি পর্যায় |
| 30.02<br>30.03<br>30.04 | ম্যালেরিয়া ও যক্ষ্মা নিরোধক ঔষধ | উৎপাদন পর্যায় |
| 54.02 হইতে<br>54.10<br>এবং<br>55.12 হইতে<br>55.16 | কৃত্রিম আঁশের তৈরি-<br>(ক) ফেব্রিক্সের কাটা এবং নষ্ট টুকরা (এক মিটারের বেশী দীর্ঘ নয়);<br>(খ) বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউশন এর নিকট নমুনা হিসেবে বিনামূল্যে সরবরাহকৃত ফেব্রিকস (তিন বর্গমিটারের নীচের আকৃতির); এবং<br>(গ) Taps and Braids | উৎপাদন পর্যায় |

| পণ্যের এইচ.এস. কোড/সেবার কোড | পণ্য/সেবার নাম | যে পর্যায়ে অব্যাহতি |
|---|---|---|
| 8411.11.00 | Turbo-jets Of a thrust not exceeding 25 kN | আমদানি পর্যায় |
| 8411.12.00 | Turbo-jets Of a thrust exceeding 25 kN | আমদানি পর্যায় |
| 8609.00.10 | Insulated or refer container | আমদানি পর্যায় |
| 8609.00.90 | Other container | আমদানি পর্যায় |

**(খ) মূসক আরোপঃ**

| পণ্যের এইচএস কোড/সেবার কোড | পণ্য/সেবার নাম | যে পর্যায়ে অব্যাহতি রহিত করা হয়েছে |
|---|---|---|
| 0801.32.90 | Cashew nuts : Shelled Other | আমদানি পর্যায় |
| 0804.10.19 | Fresh Dates: Other | আমদানি পর্যায় |
| 0804.10.29 | Dried Dates: Other | আমদানি পর্যায় |
| 1006.30.91 | Non fortified Basmoti rice | আমদানি পর্যায় |
| 8523.29.12 | Database; operating systems; development tools; security software used for only data or information protection; word processing, spreadsheet, internet collaboration and presentation tools | আমদানি পর্যায় |
| 8523.49.21 | ---- Database; operating systems; development tools; security software used for only data or information protection; word processing, spreadsheet, internet collaboration and presentation tools | আমদানি পর্যায় |
| 8523.80.10 | --- Database; operating systems; development tools; security software used for only data or information protection; word processing, spreadsheet, internet collaboration and presentation tools | আমদানি পর্যায় |
| 85.23 | সফটওয়্যার (৫ শতাংশ মূসক আরোপ) | উৎপাদন পর্যায় |
| 9608.10.00 | বলপয়েন্ট পেন | উৎপাদন পর্যায় |

**(গ) আগাম কর অব্যাহতি প্রদান:**

নিম্নোক্ত ক্ষেত্রে ২০২৩-২৪ অর্থবছরের বাজেটে আগাম কর অব্যাহতি প্রদান করা হয়েছে, যথা:-

(ক) নিবন্ধিত এয়ারলাইন্স কর্তৃক Heading 84.07, 84.11 এবং 88.07 এর আওতায় আমদানিকৃত Aircraft Engine, Turbo Jet এবং উড়োজাহাজের যন্ত্রাংশ;

(খ) কৃষিকার্যে ব্যবহৃত রাইস ট্রান্সপ্লান্টার, ড্রায়ার, সকল প্রকার স্প্রেয়ার মেশিন, পটেটো প্লান্টার এর আমদানি;

(গ) এইচএস কোড ৮৬০৯.০০.১০ এবং ৮৬০৯.০০.৯০ এর আওতাধীন আমদানিকৃত সকল ধরনের Container;

(ঘ) সমুদ্রের লবনাক্ত পানি হতে সুপেয় পানি উৎপাদনের লক্ষ্যে এইচএস কোড ৮৪১৯.৪০.২০ এর আওতাধীন আমদানিকৃত Solar power operated water distillation Plant; এবং

(ঙ) Petroleum oils and oils obtained from bituminous minerals, crude (H.S. Code 2709.00.00), Motor spirit of H.B.O.C Type (H.S. Code 2710.12.11), Other motor spirits, including aviation spirit (H.S. Code 2710.12.19), Spirit type jet fuel (H.S. Code 2710.12.20), White spirit (H.S. Code 2710.12.31), Naphtha (H.S. Code 2710.12.32), J.P.1 kerosene type jet fuels (H.S. Code 2710.12.41), J.P.4 kerosene type jet fuels (H.S. Code 2710.12.42), Other kerosene type jet fuels (H.S. Code 2710.12.43), Other kerosene (H.S. Code 2710.12.49), Light diesel oils (H.S. Code 2710.12.61), High speed diesel oils (H.S. Code 2710.12.62), Furnace oils (H.S. Code 2710.19.11) আমদানির ক্ষেত্রে।

**(ঘ) আগাম কর সংক্রান্ত প্রজ্ঞাপনের সংশোধন:**

কতিপয় প্রজ্ঞাপনের রেফারেন্স ও করণীক ত্রুটি সংশোধনের লক্ষ্যে আগাম কর সংক্রান্ত প্রজ্ঞাপনে নিম্নোক্ত সংশোধনী আনয়ন করা হয়েছে, যথা:

(ক) প্রজ্ঞাপনের নম্বর পরিবর্তিত হওয়ায় আগাম কর অব্যাহতি সংক্রান্ত প্রজ্ঞাপন এস.আর.ও. নং-১৫১-আইন/২০২১/১৪৮-মূসক এর ক্রমিক নং (৮) এ উল্লিখিত "প্রজ্ঞাপন এস.আর.ও. নং-২০২-আইন/৯৫/১৬৩৯/কাস, তারিখঃ ২৮/১১/১৯৯৫ খ্রিষ্টাব্দ" এর পরিবর্তে "প্রজ্ঞাপন এস.আর.ও. নং-৬৬-আইন/২০২২/৫৯/কাস্টমস, তারিখঃ ২৭ মার্চ, ২০২২ খ্রিষ্টাব্দ" প্রতিস্থাপন করা হয়েছে;

(খ) প্রজ্ঞাপনের নম্বর পরিবর্তিত হওয়ায় আগাম কর অব্যাহতি সংক্রান্ত প্রজ্ঞাপন এস.আর.ও. নং-১৫১-আইন/২০২১/১৪৮-মূসক এর ক্রমিক নং (১২) এ উল্লিখিত "প্রজ্ঞাপন এস.আর.ও. নং-১২৪-আইন/২০২০/৭৫/কাস্টমস, তারিখঃ ০৩ জুন, ২০২০ খ্রিষ্টাব্দ" এর পরিবর্তে "প্রজ্ঞাপন এস.আর.ও. নং-১২৯-আইন/২০২১/১৮/কাস্টমস, তারিখঃ ২৪ মে, ২০২১ খ্রিষ্টাব্দ" প্রতিস্থাপন করা হয়েছে;

(গ) করণীক ত্রুটি সংশোধনের লক্ষ্যে আগাম কর অব্যাহতি সংক্রান্ত প্রজ্ঞাপন এস.আর.ও. নং-১৫১-আইন/২০২১/১৪৮-মূসক এর ক্রমিক নং (১৩) নিম্নরূপে প্রতিস্থাপন করা হয়েছে, যথা:-

"(১৩) কৃষি মন্ত্রণালয় কর্তৃক সুপারিশকৃত H.S Code 3808.91.10, 3808.92.10 এবং 3808.93.10 এর বিপরীতে কৃষিকার্যে ব্যবহার্য কীটনাশক, ছত্রাকনাশক ও আগাছানাশক এবং নিবন্ধিত উৎপাদনকারী কর্তৃক উহা উৎপাদনে ব্যবহৃত উপকরণ Castor Oil Polyglycol 36-37 (H.S Code 1515.30.00), Solvesso 150 (APAC) (H.S Code 2707.50.90), Genapol 100 (H.S Code 2909.49.00), Propoconazole Technical 220 KG 22D (H.S Code

2934.99.90), Dodecylbzols Acid Branched CA-S Sol (H.S Code 3402.11.90);"

(ঘ) H.S. Code বিভাজন হওয়ায় উক্ত সংশোধনী আনয়নের লক্ষ্যে আগাম কর অব্যাহতি সংক্রান্ত প্রজ্ঞাপন এস.আর.ও. নং-১৫১-আইন/২০২১/১৪৮-মূসক এর ক্রমিক নং (১৩) নিম্নরূপে প্রতিস্থাপন করা হয়েছে, যথা:-

"(২৬) Gold dores imported by Industrial IRC holder VAT compliant gold refinery (H.S. Code 7108.12.10), Other (H.S. Code 7108.12.90) এবং Gold in semi-manufactured form (H.S. Code 7108.13.00) আমদানির ক্ষেত্রে;"

০৭। ২০২৩-২৪ অর্থবছরের বাজেটে অনলাইনে পণ্য বিক্রয়ের সংজ্ঞা সংশোধন করা হয়েছে, যা নিম্নরূপ:

**"অনলাইনে পণ্য বিক্রয়:**

**ব্যাখ্যা।-** "অনলাইনে পণ্য বিক্রয়" বলিতে অনলাইনে খুচরা বিক্রয় বা মার্কেটপ্লেসকে বুঝাইবে, যেখানে-

(১) 'অনলাইনে খুচরা বিক্রয়' অর্থ ইলেকট্রনিক নেটওয়ার্ক ব্যবহারের মাধ্যমে সেই সকল পণ্য বা সেবার ক্রয়-বিক্রয় যাহা ইতোপূর্বে কোন উৎপাদনকারী বা সেবা প্রদানকারী বা ব্যবসায়ীর নিকট হইতে মূসক পরিশোধপূর্বক ক্রীত হইয়াছে এবং অনলাইনে খুচরা বিক্রেতা কর্তৃক উক্ত ক্রীত পণ্য, মূসক প্রদানপূর্বক সরবরাহ করা হইবে এবং যেক্ষেত্রে উক্ত অনলাইনে খুচরা বিক্রেতার নিজস্ব কোন বিক্রয়কেন্দ্র নাই;

(২) 'মার্কেটপ্লেস' অর্থ ডিজিটাল কমার্স প্ল্যাটফর্ম যাহাতে এক বা একাধিক বিক্রেতা কর্তৃক তাহাদের পণ্য বা সেবা সম্পর্কিত তথ্যাদি সন্নিবেশ করা হইয়া থাকে এবং উক্ত প্লাটফর্মের মাধ্যমে সরবরাহ প্রদান হইয়া থাকে অর্থাৎ, এক্ষেত্রে মার্কেটপ্লেস পরিচালনাকারী ব্যক্তি কর্তৃক কোন পণ্য ক্রয় বা বিক্রয় করা হইবেনা এবং তাহাদের কোন বিক্রয়কেন্দ্র থাকিবেনা।

**০৮। তামাক ও তামাকজাত পণ্যের মূল্য বৃদ্ধির মাধ্যমে তামাকের ব্যবহার হ্রাস করে জনস্বাস্থ্য সুরক্ষা নিশ্চিত করার লক্ষ্যে তামাকজাত পণ্যের উপর নিম্নরূপ হারে মূল্য নির্ধারণপূর্বক সম্পূরক শুল্ক ধার্য করা হয়েছে।**

**(ক) সিগারেটের ক্ষেত্রে সর্বোচ্চ খুচরা মূল্য নির্ধারণপূর্বক সম্পূরক শুল্ক নিম্নরূপে নির্ধারণ করা হয়েছে, যথা:-**

| **বিদ্যমান মূল্য (১০ শলাকার জন্য) টাকা** | **বিদ্যমান সম্পূরক শুল্ক হার (%)** | **প্রস্তাবিত মূল্য (১০ শলাকার জন্য) টাকা** | **প্রস্তাবিত সম্পূরক শুল্ক হার (%)** |
|---|---|---|---|
| ৪০ টাকা ও তদূর্ধ্ব | ৫৭ | ৪৫ টাকা ও তদূর্ধ্ব | ৫৮ |
| ৬৫ টাকা ও তদূর্ধ্ব | ৬৫ | ৬৭ টাকা ও তদূর্ধ্ব | ৬৫ |
| ১১১ টাকা ও তদূর্ধ্ব | ৬৫ | ১১৩ টাকা ও তদূর্ধ্ব | ৬৫ |
| ১৪২ টাকা ও তদূর্ধ্ব | ৬৫ | ১৫০ টাকা ও তদূর্ধ্ব | ৬৫ |

**(খ) বিড়ির ক্ষেত্রে সর্বোচ্চ খুচরা মূল্য ও সম্পূরক শুল্ক পূর্বের ন্যায় অপরিবর্তীত রাখা হয়েছে, যা নিম্নরূপ:**

| **বিড়ির ধরণ** | **শলাকা (প্রতি প্যাকেট)** | **বিদ্যমান মূল্য (ভ্যাট ও সম্পূরক শুল্কসহ) টাকা** | **প্রস্তাবিত মূল্য (ভ্যাট ও সম্পূরক শুল্কসহ) টাকা** | **বিদ্যমান সম্পূরক শুল্ক হার (%)** | **প্রস্তাবিত সম্পূরক শুল্ক হার (%)** |
|---|---|---|---|---|---|
| যন্ত্রের সাহায্য ব্যতীত হাতে তৈরি বিড়ি (ফিল্টার বিযুক্ত) | ৮ শলাকা | ৬.০০ টাকা | ৬.০০ টাকা | ৩০ | ৩০ |
| | ১২ শলাকা | ৯.০০ টাকা | ৯.০০ টাকা | ৩০ | ৩০ |
| | ২৫ শলাকা | ১৮.০০ টাকা | ১৮.০০ টাকা | ৩০ | ৩০ |
| যন্ত্রের সাহায্য ব্যতীত হাতে তৈরি বিড়ি (ফিল্টার সংযুক্ত) | ১০ শলাকা | ১০.০০ টাকা | ১০.০০ টাকা | ৪০ | ৪০ |
| | ২০ শলাকা | ১৯.০০ টাকা | ১৯.০০ টাকা | ৪০ | ৪০ |

(গ) **জর্দা ও গুলের ক্ষেত্রে সর্বোচ্চ খুচরা মূল্য নিম্নরুপ হারে নির্ধারণপূর্বক সম্পূরক শুল্ক পূর্বের ন্যায় অপরিবর্তীত রাখা হয়েছে, যথা:-**

| **পণ্যের নাম** | **একক** | **বিদ্যমান মূল্য** | **প্রস্তাবিত মূল্য** | **বিদ্যমান সম্পূরক শুল্ক হার** | **প্রস্তাবিত সম্পূরক শুল্ক হার** |
|---|---|---|---|---|---|
| জর্দা | প্রতি দশ গ্রাম | ৪০ টাকা | ৪৫ টাকা | ৫৫% | ৫৫% |
| গুল | প্রতি দশ গ্রাম | ২০ টাকা | ২৩ টাকা | ৫৫% | ৫৫% |

(ঘ) এছাড়াও সিগারেটের সর্বোচ্চ খুচরা মূল্যে বিক্রয় নিশ্চিতকরণের জন্য এ সংক্রান্ত প্রজ্ঞাপনসমূহে প্রয়োজনীয় সংশোধনী আনয়ন করা হয়েছে।

০৯। মাননীয় মন্ত্রী, অর্থ মন্ত্রণালয় এর বাজেট বক্তৃতা, অর্থ বিল, ২০২৩ এবং বর্ণিত নতুন প্রজ্ঞাপন ও আদেশসমূহ এ নির্দেশনার সাথে প্রেরণ করা হলো। অর্থ বিল, ২০২৩ এ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর সম্পর্কিত অংশ এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর সংশোধনী এবং বাজেট সম্পর্কিত উপরি-উক্ত প্রজ্ঞাপন ও আদেশসমূহের আলোকে যথাযথ সরকারি রাজস্ব আহরণের স্বার্থে অবিলম্বে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ করা হলো। একইসাথে, এ সকল বিষয়ে কোন প্রকার ভুল-ভ্রান্তি, অসংগতি বা বিশ্লেষণের প্রয়োজন অনুভূত হলে তা জরুরি ভিত্তিতে আগামী ১৫ জুন, ২০২৩ খ্রিষ্টাব্দ তারিখের মধ্যে জাতীয় রাজস্ব বোর্ডের নজরে আনার জন্য অনুরোধ করা হলো।

১০। এই নির্দেশিকা মাঠ পর্যায়ের ভ্যাট ও কাস্টমস কর্মকর্তাদের ভ্যাট বিষয়ে বাজেটে গৃহীত প্রস্তাবনাসমূহ সহজে অনুধাবন করার লক্ষ্যে একটি দলিল মাত্র। এ কারণে বিবেচ্য নির্দেশিকায় বর্ণিত বিষয়সমূহ সহ সংশ্লিষ্ট আইন, বিধিমালা, প্রজ্ঞাপন ও সাধারণ আদেশসমূহ মনোযোগ সহকারে পাঠপূর্বক তা সহকর্মীদের নিয়ে আলোচনার মাধ্যমে জানিয়ে দেয়ার জন্য অনুরোধ করা হলো।

১১। এই নির্দেশনার কোন অসংগতির ক্ষেত্রে জারীকৃত অর্থ বিল, বিধিমালা, প্রজ্ঞাপন ও আদেশসমূহ অনুসরণীয় হবে।

**জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,**

**স্বাক্ষরিত/-**
**[ মোহাম্মদ হাসমত আলী ]**
প্রথম সচিব (মূসক-নীতি)
ফোনঃ +৮৮০২২২২২১৭৭৪২
E-mail: hasmat2005@gmail.com.com

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সদস্য (গ্রেড-১), জাতীয় রাজস্ব বোর্ড, আগারগাঁও, ঢাকা।

২। সদস্য (সকল), জাতীয় রাজস্ব বোর্ড, আগারগাঁও, ঢাকা।

৩। প্রেসিডেন্ট, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনাল, রাজস্ব ভবন, আগারগাঁও, ঢাকা।

৪-১৫। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা(দক্ষিণ)/ঢাকা(উত্তর)/ঢাকা(পূর্ব)/ঢাকা(পশ্চিম)/চট্টগ্রাম/কুমিল্লা/খুলনা/যশোর/রাজশাহী/রংপুর/সিলেট/ বৃহৎ করদাতা ইউনিট-মূসক, ঢাকা।

১৬-১৭। মহাপরিচালক, নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর মূসক, ঢাকা/শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ঢাকা।

১৮। মহাপরিচালক, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমী, পাহাড়তলী, চট্টগ্রাম।

১৯-২২। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট (আপীল), চট্টগ্রাম/ ঢাকা-১/ঢাকা-২/খুলনা।

২৩-২৫। প্রকল্প পরিচালক, বন্ড অটোমেশন প্রকল্প/ন্যাশনাল সিংগেল উইন্ডো প্রকল্প, কাকরাইল, ঢাকা।

২৬। পরিচালক, কাস্টমস ঝুঁকি ব্যবস্থাপনা ও IVAS Administrative Unit, কাকরাইল, ১৬০/এ, আইডিইবি ভবন, কাকরাইল, ঢাকা।

নথি নং-০৮.০১.০০০০.০৬৮.১৬.০০১.২২/১৩৪, তারিখ: ১৮ জ্যৈষ্ঠ, ১৪৩০ বঙ্গাব্দ/ ০১ জুন, ২০২৩ খ্রিষ্টাব্দ।

**অনুলিপি প্রয়োজনীয় কার্যার্থেঃ**

১। মহাপরিচালক, কাস্টমস, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা।

২-৭। কমিশনার, কাস্টম হাউস, চট্টগ্রাম/ঢাকা/মংলা/বেনাপোল/আইসিডি-কমলাপুর/পানগাঁও।

৮-১০। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা(উত্তর)/(দক্ষিন)/চট্টগ্রাম।

১১। কমিশনার, কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা।

**স্বাক্ষরিত/-**
**[কাজী রেজাউল হাসান]**
দ্বিতীয় সচিব (মূসক আইন ও বিধি)
E-mail: rezahasan.nbr@gmail.com